


## চট্টগ্রামে বিশ্ববিদ্যালয়ে মাদকের কুফল-সম্পর্কিত বিতর্ক প্রতিযোগিতা শুরু

সুরাইয়া আতকার

১৮ অক্টোবর ২০১৯, ১৯:৫৭

আপডেট: ১৮ অক্টোবর ২০১৯, ২০:১৫




চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে শুরু হয়েছে দুই দিনব্যাপী ‘ডিএনসি-সিইউডিএস আন্তঃবিভাগ বিতর্ক প্রতিযোগিতা ২০১৯’। বিশ্ববিদ্যালয়ের ১৬ বিভাগের ৪৫টি দল প্রতিযোগিতায় অংশ নিয়েছে। ব্যবসায় অনুষদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, ১৮ অক্টোবর। ছবি: সুরাইয়া আকতার

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় বিতর্ক সংগঠন চিটাগং ইউনিভার্সিটি ডিবেটিং


সোসাইটি (সিইউডিএস) আয়োজনে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের অংশগ্রহণে দুই দিনব্যাপী 'ডিএনসি-সিইউডিএস আন্তর্বিভাগ বিতর্ক প্রতিযোগিতা ২০১৯' শুরু হয়েছে।

আজ শুক্রবার সকাল ১০টায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় অনুষ্ঠানে শুরু হয়েছে এই বিতর্ক প্রতিযোগিতা। বিশ্ববিদ্যালয়ের ১৬ বিভাগ থেকে ৪৫টি দলের অংশগ্রহণে বাংলা সংসদীয় এবং ব্রিটিশ পার্লামেন্টারি বিতর্কের এ আয়োজনে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ১৫ জন বিচারক বিচারকার্য করছেন।



শুক্রবার দিনভর মাদকমুক্ত সমাজ-সম্পর্কিত বিভিন্ন বিষয়ের ওপর বিতর্ক করেন বিতর্কিকেরা।

আয়োজনটির আহ্বায়ক হিসেবে আছেন সিইউডিএসের সাধারণ সম্পাদক মো. আরিফ হোসেন সুজন। যুগ্ম আহ্বায়ক সংগঠনের দপ্তর সম্পাদক মরিয়ম জাহান সায়মা ও অ্যাসোসিয়েট রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট সেক্রেটারি আবদুল্লাহ আল আসাদ।



সিইউডিএসের আয়োজনে আন্তর্বিভাগ বিতর্ক প্রতিযোগিতার বিষয়গুলো ছিল মাদকের কুফল-সম্পর্কিত। ছবি: সংগৃহীত

এদিকে মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহযোগিতায় ২২ অক্টোবর দুপুর ১২টায় লাইব্রেরিসংলগ্ন মিলনায়তন এ ‘জীবনকে ভালোবাসুন, মাদক হতে দূরে থাকুন’ বিষয়ক একটি সেমিনার ও শোভাযাত্রা আয়োজন করা হবে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সব শিক্ষার্থীর জন্য উন্মুক্ত এই আয়োজন।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরি মিলনায়তনে বিতর্ক প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. শিরিন আক্তার। অনুষ্ঠানের সভাপতিত্ব করবেন আইন অনুষদের ডিন ও সিইউডিএসের মডারেটর অধ্যাপক এ বি এম আবু নোমান। অনুষ্ঠানে আরও উপস্থিত থাকবেন চিটাগং ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির প্রেসিডেন্ট হিমাদ্রি শেখর নাথ।